দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP. 1 3 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৬......

14

## নবম-দশম শ্রেণীর ইংরেজী সিলেবাস প্রসঙ্গে

নবম-দশম শ্রেণীর ইংরেজী সিলেবাস নিয়া অত্র চিঠিপত্র কলামে বেশ কয়েকটি পত্র প্রকাশিত হইয়াছে। পত্র লেখকগণ ইংরেজী ভাষা শিক্ষা ও শিখাইবার ক্ষেত্রে গ্রামারের ভূমিকা সম্পর্কে মতামত দিয়াছেন। তবে তাঁহারা দুই ভাগে বিভক্ত। এক পক্ষ 'কমিউনিকেটিভ' পদ্ধতিতে এবং অপর পক্ষ 'নন-কমিউনিকেটিভ' পদ্ধতিতে ইংরেজী ভাষা শিক্ষা ও শিখাইবার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। 'কমিউনিকেটিভ' পদ্ধতির সমর্থকগণ সিলেবাস গ্রামারের উপর কড়াকড়ি আরোপের বিপক্ষে। অপরদিকে, 'নন-কমিউনিকেটিভ' পদ্ধতির সমর্থকগণ সিলেবাসে গ্রামারের উপর কড়াকড়ি আরোপের পক্ষে। আসলে উভয় পক্ষই গ্রামার শিক্ষার পক্ষে। শুধু মাত্রার উপর মতপার্থক্য পরিলক্ষিত হইয়াছে। আমার মত হইল, যে কোন বিদেশী ভাষা 'কার্যকরভাবে' ও 'নৈতিকতাসম্পন্নভাবে' ব্যবহারের জন্য গ্রামার শিক্ষা অপরিহার্য। কিন্তু প্রশ্ন, গ্রামার শিক্ষা শিখাইবার অবয়ব, প্রক্রিয়া ও বিন্যাস নিয়া। ইংরেজী গ্রামার প্রতিদিন বিবর্তিত হইতেছে। ইংরেজী বৈয়াকরণগণ সহজ হইতে সহজতর ও উন্নত হইতে উন্নততর প্রক্রিয়ায় ইংরেজী শিক্ষা শিখাইবার উদ্দেশ্যে গ্রামারের পদ্ধতিগত বিন্যাস অবিরাম গবেষণার মাধ্যমে যেমন দ্রুত পরিবর্তন করিতেছেন, তেমনি তৎসম্পর্কে তাঁহাদের বিন্যাসগত মতপার্থক্যও রহিয়াছে। যেমন অক্সফোর্ড, ক্যামব্রিজ, লংম্যান, ম্যাকমিলান, কলিন্স-কোবিল্ড, ম্যাকগ্রোহিল, প্রেনটিসহল ইত্যাদি প্রকাশনা সংস্থা হইতে প্রকাশিত গ্রামার বইগুলিতে ইংলিশ স্ট্রাকচারের বিভিন্ন প্রকারের বিন্যাস দেখা যায়। ইংরেজী শিক্ষা ও শিখাইবার জন্য কোন পদ্ধতি হইতে কোন পদ্ধতি বেশী উপযুক্ত, সেই ব্যাপারেও রহিয়াছে মতভেদ। অতএব, আমাদের ইংরেজী সিলেবাসে গ্রামার শিক্ষার জন্য কোন বিন্যাসটি অন্তর্ভুক্ত হওয়া উচিত এই বিষয়ে যেমন মতপার্থক্য বিরাজ করিবে, তেমনি সেই বিন্যাসটি কতদিন অপরিবর্তিত থাকিবে অর্থাৎ দেখা যাইবে সিলেবাসে অন্তর্ভুক্ত করিয়া বিদ্যালয়ে চালু করিতে করিতে ইতিমধ্যে সেই বিন্যাসটি আরও উন্নত হইয়া গিয়াছে এই দিকটিও বিবেচনা করিতে হইবে। সেইদিক হইতে বিচার-বিবেচনা করিয়া আমি মনে করি, যে দৃষ্টিভঙ্গি হইতে নূতন ইংরেজী সিলেবাস বা ইংরেজী পুস্তক প্রণীত ও সংকলিত হইয়াছে তাহা সঠিক। সকলের লক্ষ্য হইল, ইংরেজী শিক্ষা-স্পোকেন ও রিটেন। আর ইংরেজী শিক্ষার মাধ্যম হইল গ্রামার। এখন কোন পদ্ধতিগত বিন্যাসের মাধ্যমে ছাত্র-ছাত্রীগণ ইংরেজী গ্রামার শিখিবে কিংবা শিক্ষক-শিক্ষিকাগণ শিখাইবেন তাহা তাঁহাদের উপর ছাড়িয়া দেওয়াতেই ভালো হইয়াছে।

সৈয়দ লুৎফর রহমান,
৩৪ উত্তর বাসাবো,
ঢাকা-১২১৪।